

2 0 1 8

BENGALI

( Major )

Paper : 5.4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) ‘পালামৌ’-এর লেখাগুলো কোন্ পত্রিকায় ধারাবাহিক-  
ভাবে প্রকাশিত হয়েছিল ?

(খ) কোল জাতির পুরুষেরা কি কাজ করত ?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

“কোলেরা বন্য জাতি, \_\_\_\_\_ কৃষ্ণবর্ণ।”

(ঘ) কোল জাতির কতগুলো শাখা থাকার কথা লেখক  
‘পালামৌ’ গ্রন্থে বলেছেন ?

(ঙ) জাপানের কোবে শহরে রবীন্দ্রনাথ কার বাড়িতে আশ্রয়  
নিয়েছিলেন ?

(চ) কোন্ জাহাজে চড়ে রবীন্দ্রনাথ জাপান ভ্রমণে  
বেরিয়েছিলেন ?

(ছ) রেঙ্গুনের বৌদ্ধ মন্দিরে কারা পূজার সামগ্রী বিক্রি  
করছিল ?

( 2 )

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “সেই পক্ষিগীতে যে রূপরাশি দেখিয়াছিলাম, এই যুবতীতে ঠিক তাহাই দেখিলাম।” পক্ষিগীতে লেখক কোথায় দেখেছিলেন? যুবতীটি কে?
- (খ) “বাঘটি আমি স্বহস্তে মারিব।” বক্তা কে? তিনি কাকে একথা বলেছিলেন?
- (গ) হারাসানের বাড়িতে যে দুজন চিত্রশিল্পীর ছবি রবীন্দ্রনাথকে মুগ্ধ করেছিল তাঁদের নাম লেখো।
- (ঘ) জাপান যাত্রায় রবীন্দ্রনাথের সঙ্গীদের মধ্যে যে কোনো দুজনের নাম লেখো।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) বরাকর নদী পার হবার সময় কোল বালক-বালিকাদের পয়সা চাওয়ার যে দৃশ্যটি সঞ্জীবচন্দ্র এঁকেছেন তার বর্ণনা দাও।
- (খ) ‘পালামো’ পুস্তকে বর্ণিত কোল রমণীদের নৃত্যের বর্ণনা দাও।
- (গ) রেঙ্গুনে বৌদ্ধ মন্দির দর্শন করে রবীন্দ্রনাথের যে অভিজ্ঞতা হয়েছিল তার বিবরণ দাও।
- (ঘ) ‘জাপানযাত্রী’ গ্রন্থে উল্লিখিত ‘চা-পান’ অনুষ্ঠানটির বিবরণ দাও।
- (ঙ) হংকং বন্দরে চিনা মজুরদের সম্পর্কে রবীন্দ্রনাথ কি বলেছিলেন তা লেখো।

( 3 )

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) সঞ্জীবচন্দ্রের ‘পালামো’ গ্রন্থে হাস্যরসের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
- (খ) ‘পালামো’ থেকে দৃষ্টান্ত দিয়ে সঞ্জীবচন্দ্রের সৌন্দর্যদৃষ্টির পরিচয় দাও।
- (গ) ‘পালামো’ গ্রন্থের বর্ণনা অনুসরণ করে বাঘ-শিকার পর্বের একটি বিবরণ লেখো।

খ—গুচ্ছ

- (ঘ) ‘জাপানযাত্রী’ গ্রন্থের বিবরণ অনুযায়ী জাপানি শিল্পকলা বিষয়ে রবীন্দ্রনাথের অনুভব বিশ্লেষণ করো।
- (ঙ) জাপান যাত্রার পথে রবীন্দ্রনাথ যে সামুদ্রিক ঝড়ের মুখোমুখি হয়েছিলেন তার বর্ণনা দাও।
- (চ) রবীন্দ্রনাথের ‘জাপানযাত্রী’ গ্রন্থে অবলম্বনে জাপানিদের চারিত্রিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।

\*\*\*